# পররাষ্ট্র মন্ত্রণালয়
## সহকারী সাইফার কর্মকর্তা
### প্রশ্ন সমাধান

**পূর্ণমান: ১০০** **সময়: ৬০ মিনিট**

**পরীক্ষার তারিখ: ১৭ আগস্ট ২০২৬ খ্রি.**

**১. 'বাপরে, কী বাজখাঁই গলা।'- এখানে 'বাজখাঁই' কোন পদ?**

ক. বিশেষ্য খ. বিশেষণ গ. অনুসর্গ ঘ. ক্রিয়াবিশেষণ

উত্তর: খ. বিশেষণ

ব্যাখ্যা: এখানে ‘গলা’ হলো বিশেষ্য পদ। বিশেষ্য পদকে বাজখাঁই শব্দটি বিশেষায়িত করছে।

**২. বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ক. প্যারিস খ. ওয়াশিংটন ডিসি গ. জেনেভা ঘ. রোম

উত্তর: খ. ওয়াশিংটন ডিসি

ব্যাখ্যা: ইউনেস্কোর সদরদপ্তর ফ্রান্সের প্যারিসে।

রেডক্রস, ITU, ILO, WHO, WMO, UNHCR, WTO, ITC, UNCTAD, WIPO সংস্থার সদরদপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়।

FAO, WFP, IFAD এর সদরদপ্তর ইতালির রোমে।

**৩. ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম কী?**

ক. বিজয় ৭১ খ. বিজয় উল্লাস গ. বিজয় কেতন ঘ. বিজয় স্তম্ভ

উত্তর: গ. বিজয় কেতন

ব্যাখ্যা: বিজয় ৭১ হলো বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থাপিত মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য।

বিজয় উল্লাস হলো বাংলাদেশের কুষ্টিয়া পৌরসভা কার্যালয়ে অবস্থিত স্বাধীনতা যুদ্ধের একটি বিখ্যাত ভাস্কর্য।

বিজয় স্তম্ভ ভারতের রাজস্থান রাজ্যের চিত্তৌরগড় দুর্গের মধ্যে অবস্থিত।

**৪. বাংলা একাডেমির ‘সংক্ষিপ্ত বাংলা অভিধান’-এর সম্পাদক-**

ক. মুহম্মদ আবদুল হাই খ. মুহম্মদ শহীদুল্লাহ গ. আহমদ শরীফ ঘ. আবু ইসহাক

উত্তর: গ. আহমদ শরীফ

| অভিধান | সম্পাদক | অভিধান | সম্পাদক |
|---|---|---|---|
| Vocabulario Em Idioma Bengalla, E Portuguez (১৭৪৩) | মনোএল দা আসসুম্পসাঁও | বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান | ড. মুহম্মদ শহীদুল্লাহ |
| বাংলা ভাষার অভিধান | উইলিয়াম কেরী | বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান | আহমদ শরীফ |
| শব্দমঞ্জুরী | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | বাংলা একাডেমী ইংরেজি বাংলা অভিধান | জিল্লুর রহমান সিদ্দিকী |
| বঙ্গীয় শব্দকোষ | হরিচরণ বন্দোপাধ্যায় | প্রমিত বাংলা বানান অভিধান | জামিল চৌধুরী |
| যথাশব্দ | মুহাম্মদ হাবিবুর রহমান | সমকালীন বাংলা ভাষার অভিধান | আবু ইসাহক |
| বিবর্তনমূলক বাংলা অভিধান | গোলাম মুরশিদ | সংসদ সমার্থশব্দকোষ | অশোক মুখোপাধ্যায় |

**৫. Do you have any...?**

ক. Complain খ. Complains গ. Complaint ঘ. complainant

উত্তর: গ. Complaint

ব্যাখ্যা: Determinative/Adjective "any"-এর পর Noun ব্যবহৃত হয়।

Complain (ক/খ): Verb (অভিযোগ করা)।

Complaint (গ): Abstract Noun (অভিযোগ)।

Complainant (ঘ): Personal Noun (বাদী বা অভিযোগকারী)।

বাক্যের অর্থ অনুযায়ী: "আপনার কি কোনো অভিযোগ আছে?"—তাই Noun হিসেবে Complaint বসবে।

**৬. Why are the children still watching television? It is time they... in bed.**

ক. Are খ. Were গ. Would ঘ. had

উত্তর: খ. Were

ব্যাখ্যা: It is time + Subject + Past Simple Verb

Example: It's time you went to bed. [Practical English Usage by *Michael Swan*]

**৭. জাতিসংঘ সনদ কোথায় স্বাক্ষরিত হয়?**

ক. প্যারিস খ. ওয়াশিংটন ডিসি গ. সানফ্রান্সিসকো ঘ. ওয়েলিংটন

উত্তর: গ. সানফ্রান্সিসকো

ব্যাখ্যা: ১৯৪৫ সালের ২৬ জুন বিশ্বের ৫০ টি দেশের প্রতিনিধিরা যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে মিলিত হয়ে ১১১ ধারা সম্বলিত জাতিসংঘ সনদ স্বাক্ষর করেন। ১৯৪৫ সালের ১৫ অক্টোবর ৫১ তম দেশ হিসাবে পোল্যান্ড স্বাক্ষর করেন। ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ সনদ কার্যকর হয়।

**৮. Choose the most appropriate sentence.**

ক. One should do his duty. খ. One-third of the students are regular in the class.

গ. I have serious headache. ঘ. The accident resulted in careless driving.

উত্তর: খ. One-third of the students are regular in the class.

ব্যাখ্যা: ক. One should do his duty. এটার সঠিক বাক্য হবে One should do one's duty.

গ. I have serious headache. এটার সঠিক বাক্য হবে I have a bad headache.

ঘ. The accident resulted in careless driving. এটার সঠিক বাক্য হবে The accident resulted from careless driving.

**৯. The young man regretted ... all his money foolishly.**

ক. to spending খ. to have spent গ. having spent ঘ. having had spent

উত্তর: গ. having spent

Regret + Gerund/Perfect Gerund: Past action (অতীতের কাজের অনুশোচনা) [Oxford Practice Grammar by John Eastwood]

**১০. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কোন জেলায় অবস্থিত?**

ক. রাজশাহী খ. পাবনা গ. সিরাজগঞ্জ ঘ. নারায়ণগঞ্জ

উত্তর: খ. পাবনা

**১১. They talked in whispers------- we overheard them.**

ক. because of খ. unless গ. in case ঘ. in spite of

উত্তর: গ. in case

ব্যাখ্যা: because of: এটি একটি Prepositional phrase, যার পর Noun/Noun phrase বসে; কোনো Clause বসে না।

unless (যদি না): এটি শর্তমূলক (Condition) বাক্য তৈরিতে ব্যবহৃত হয়, যা এখানে অপ্রাসঙ্গিক।

in spite of (সত্ত্বেও): এটিও একটি Prepositional phrase, যার পর সরাসরি Clause বসতে পারে না।

In case is used to talk about doing something in order to be ready for a possible future situation, or to prevent a possible problem. Example: We walked quietly in case we woke the baby. [Practical English Usage by *Michael Swan*]

**১২. নিচের কোনটি কৃষি গবেষণা প্রতিষ্ঠান?**

ক. বিএডিসি খ. বিএপিএস গ. বিএসডি ঘ. বিএআরআই

উত্তর: ঘ. বিএআরআই

Bangladesh Agricultural Research Institute (বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট)। এটি বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় স্বায়ত্তশাসিত কৃষি গবেষণা প্রতিষ্ঠান, যা দানাদার শস্য, তেলবীজ, ডাল, ফলমূল ও শাকসবজির মতো বিভিন্ন দানাদার-বহির্ভূত ফসলের ওপর গবেষণা পরিচালনা করে।

বিএডিসি (BADC): Bangladesh Agricultural Development Corporation (বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন)। এটি কৃষি উপকরণ (যেমন: বীজ, সার, সেচ ব্যবস্থা) সরবরাহ ও উন্নয়নমূলক কাজ করে, তবে এটি মূলত কোনো বীজ/ফসল সম্পর্কিত গবেষণা প্রতিষ্ঠান নয়।

**১৩. বাংলাদেশে 'ওয়ানগালা' উৎসব উদযাপনকারী সম্প্রদায় কোনটি?**

ক. রাখাইন খ. মণিপুরী গ. চাকমা ঘ. গারো উত্তর: ঘ. গারো

**১৪. 'ভলগা' কোন দেশের নদী?**

ক. মিশর খ. চীন গ. ইতালী ঘ. রাশিয়া উত্তর: ঘ. রাশিয়া

**১৫. বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি?**

ক. ছেঁড়া দ্বীপ খ. সেন্টমার্টিন গ. মহেশখালী ঘ. হাতিয়া উত্তর: গ. মহেশখালী

**১৬. মধ্যযুগের মঙ্গলকাব্য ছিল-**


ক. অমিত্রাক্ষর ছন্দে রচিত খ. প্রণয়মূলক গ. দেবদেবী নির্ভর ঘ. আরবি ফারসি শব্দবহুল

উত্তর: গ

**১৭. $10\sqrt{2}$ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তে একটি বর্গ অন্তর্লিখিত হলে বর্গটির বাহুর দৈর্ঘ্য কত সে.মি.?**

ক. 20 খ. 10 গ. $5\sqrt{2}$ ঘ. 5

সমাধান: বৃত্তের ব্যাস হবে = $10\sqrt{2} \times 2 = 20\sqrt{2}$ সে.মি.




বর্গের কর্ণ হবে = $20\sqrt{2}$ সে.মি.

আমরা জানি বর্গের একবাহু a সে.মি হলে কর্ণ হবে $\sqrt{2}a$ সে.মি

সুতরাং, $\sqrt{2}a = 20\sqrt{2}$

বা, $a = 20$

বর্গের একবাহু 20 সে.মি.

উত্তর: ক. 20

**১৮. 'বীরবলের হালখাতা' কার লেখা?**

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. প্রমথ চৌধুরী গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

উত্তর: খ. প্রমথ চৌধুরী

**১৯. Though he is a rich man, he is too miserly to part... his money.**

ক. with খ. from গ. to ঘ. for

উত্তর: ক. With

Part with (something): কোনো বস্তু, সম্পত্তি বা টাকা-পয়সা ত্যাগ করা বা হাতছাড়া করা

**২০. $\frac{১}{২}, \frac{৫}{৬}, \frac{৩}{৮}, \frac{৫}{১২}$ এর গড় কত?**

ক. $\frac{৫}{৪}$ খ. $\frac{৫}{২}$ গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৫}{১২}$

সমাধান: গড় = $\frac{\frac{১}{২}+\frac{৫}{৬}+\frac{৩}{৮}+\frac{৫}{১২}}{৪}$

$= \frac{\frac{১২+২০+৯+১০}{২৪}}{৪}$

$= \frac{৫১}{৯৬}$

$= \frac{১৭}{৩২}$

উত্তর: $\frac{১৭}{৩২}$

**২১. Why ... at that photograph?**

ক. you keep looking খ. are you keep looking

গ. do you keep looking ঘ. are you keeping looking

উত্তর: গ. do you keep looking

সম্পূর্ণ বাক্যটি হবে: "Why do you keep looking at that photograph?"

ব্যাখ্যা: Interrogative Structure (প্রশ্নবোধক বাক্যের গঠন):

Wh-word + Auxiliary Verb + Subject + Main Verb + ...?

Present Indefinite Tense-এ প্রশ্ন করার সময় Subject-এর পূর্বে Auxiliary Verb হিসেবে do/does বসে। এখানে Subject (you) অনুযায়ী Auxiliary Verb do বসবে এবং Main Verb হিসেবে keep বসবে।

Keep + Gerund (-ing):

ইংরেজি ব্যাকরণের নিয়ম অনুযায়ী keep Verb-এর পর অপর একটি Verb আসলে তার সাথে -ing যুক্ত হয় (Gerund form)

ক. (you keep looking): Auxiliary Verb নেই। সাধারণ বর্ণনামূলক বাক্য (Assertive) হিসেবে গঠন করা হয়েছে, প্রশ্নবোধক করা হয়নি।

খ. (are you keep looking): Are-এর পর Main Verb-এর Base form (keep) বসে না।

ঘ. (are you keeping looking): Keep looking একটি স্বাভাবিক অভ্যাস বা পুনরাবৃত্তি নির্দেশ করে, এখানে জোড়া -ing (keeping looking) ব্যাকরণগতভাবে অশুদ্ধ।

**২২. কয়লা উৎপাদনে বিশ্বে প্রথম স্থানে কোন দেশ?**

ক. ভারত খ. চীন গ. ব্রাজিল ঘ. যুক্তরাষ্ট্র উত্তর: খ. চীন

**২৩. এশিয়া ও ইউরোপকে বিভক্তকারী পর্বতমালা কোনটি?**

ক. পিরেনিজ খ. ইউরাল গ. আল্পস ঘ. কারাকোরাম

উত্তর: খ. ইউরাল

**২৪. বিভক্তি ব্যাকরণের কোন অংশে আলোচনা করা হয়?**

ক. ধ্বনিতত্ত্ব খ. শব্দতত্ত্ব গ. বাক্যতত্ত্ব ঘ. অর্থতত্ত্ব

Job Exam Mate BD

উত্তর: খ. শব্দতত্ত্ব

**২৫. 'ক্ষীয়মাণ' শব্দের বিপরীত-**

ক. চলমান　খ. বর্ধিষ্ণু　গ. বর্ধমান　ঘ. বৃদ্ধিপ্রাপ্ত　উত্তর: গ. বর্ধমান

**২৬. The boy was absent... the class.**

ক. in　খ. from　গ. for　ঘ. away　উত্তর: খ. from

**২৭. কোন শহরকে পৃথিবীর কসাইখানা বলা হয়?**

ক. শিকাগো　খ. জেরুজালেম　গ. কায়রো　ঘ. দামেস্ক　উত্তর: ক. শিকাগো

**২৮. স্পেনের রাজধানীর নাম কী?**

ক. মাদ্রিদ　খ. সোফিয়া　গ. হেলসিংকি　ঘ. বেলগ্রেড　উত্তর: ক. মাদ্রিদ

**২৯. $\log_5 \sqrt[3]{5}.\sqrt{5}$ = কত? [১৩তম নিবন্ধন স্কুল-২-২০১৬]**

ক. $\frac{6}{5}$　খ. $\frac{5}{6}$　গ. $\frac{1}{2}$　ঘ. $\sqrt{\frac{5}{6}}$

সমাধান: $\log_5 \sqrt[3]{5}.\sqrt{5}$

$= \log_5 5^{\frac{1}{3}+\frac{1}{2}}$

$= \frac{1}{3}+\frac{1}{2}$

$= \frac{5}{6}$

উত্তর:খ. $\frac{5}{6}$

**৩০. বাকল্যান্ড বাঁধ কোথায় অবস্থিত?**

ক. ঢাকা　খ. চট্টগ্রাম　গ. পটুয়াখালী　ঘ. সিলেট　উত্তর: ক. ঢাকা

**৩১. কোনটি শীতল মরুভূমি?**

ক. সাহারা　খ. আরব　গ. রাবআলখালি　ঘ. লাদাখ　উত্তর: ঘ. লাদাখ

**৩২. Which of the following is in masculine form?**

ক. Waiter　খ. Tigress　গ. Hen　ঘ. Madam　উত্তর: ক. Waiter

**৩৩. $x-\frac{1}{x}=\frac{3}{2}$ এবং $x \neq 0$ হলে $\frac{1}{2x^2-3x}$ এর মান কত?**

ক. $\frac{1}{2}$　খ. 2　গ. 3　ঘ. $\frac{1}{3}$

সমাধান: $x-\frac{1}{x}=\frac{3}{2}$

বা, $2x^2-2=3x$ [উভয় পক্ষকে 2x দিয়ে গুণ করে পাই। ]

বা, $2x^2-3x=2$

এখন, $\frac{1}{2x^2-3x}$

$= \frac{1}{2}$

উত্তর: ক. $\frac{1}{2}$

**৩৪. কোনো বর্গের কর্ণ $30\sqrt{2}$ সে.মি. হলে এর সমান ক্ষেত্রফল বিশিষ্ট রম্বসের কর্ণদ্বয়ের গুণফল কত বর্গ সে.মি.?**

ক. 1800 ব. সে.মি.　খ. 1600 ব. সে.মি.　গ. 1500 ব. সে.মি.　ঘ. 1300 ব. সে.মি.

সমাধান: আমরা জানি বর্গের একবাহু a সে.মি হলে কর্ণ হবে $\sqrt{2}a$ সে.মি

সুতরাং, $\sqrt{2}a = 30\sqrt{2}$

বা, a = 30

বর্গের একবাহু 30 সে.মি.

বর্গের ক্ষেত্রফল = $30^2$ = 900 বর্গ সে.মি.

প্রশ্নমতে, $\frac{1}{2}\times$ কর্ণদ্বয়ের গুণফল = 900

বা, কর্ণদ্বয়ের গুণফল = 1800 বর্গ সে.মি.


উত্তর: ক. 1800 ব. সে.মি.

**৩৫. একজন ব্যক্তি ভ্রমণের ৪ মাইল উত্তরে ১২ মাইল পূর্বে তারপর ১২ মাইল উত্তরে যায়। সে যাত্রা অবস্থান থেকে কত মাইল দূরে? [৪৭তম বিসিএস মানসিক দক্ষতা]**

ক. ১৭　খ. ২৮　গ. ২১　ঘ. ২০

Job Exam Mate BD

সমাধান:




মনে করি শুরুতে E বিন্দু থেকে ৪ মাইল উত্তরে A বিন্দুতে যাবে। সেখান থেকে ১২ মাইল পূর্বে B বিন্দুতে যাবে সেখান থেকে ১২ মাইল উত্তরে C বিন্দুতে যাবে। এখন অবস্থান থেকে দুরুত্ব CE। পিথাগোরাসের সূত্রানুসারে, $CE^2 = 16^2 + 12^2$

বা, $CE = \sqrt{400}$

বা, $CE = 20$ উত্তর: ঘ

**৩৬. কোন বৃত্তের ব্যাসার্ধ যদি ২০% কমে, তবে উক্ত বৃত্তের ক্ষেত্রফল কত % কমবে?**

ক. ১০% খ. ২০% গ. ৩৬% ঘ. ৪০%

সমাধান: বৃত্তের ক্ষেত্রফল কমবে $= -20 - 20 + \frac{-20\times-20}{100} = -36\%$ কমবে।

উত্তর: গ. ৩৬%

**৩৭. 'কল্লোল' পত্রিকা কত সালে প্রথম প্রকাশিত হয়?**

ক. ১৯১৪ খ. ১৯২৩ গ. ১৯৩০ ঘ. ১৯৪৪ উত্তর: খ. ১৯২৩

**৩৮. You wished you had gone, ...?**

ক. hadn't you খ. didn't you গ. did you ঘ. had you উত্তর: ক. hadn't you

**৩৯. ১৯, ৩৩, ৫১, ৭৩..। পরবর্তী সংখ্যাটি কত?**

ক. ৮৫ খ. ৯৮ গ. ৯৯ ঘ. ১২১

সমাধান: ১৯ + ১৪ = ৩৩

৩৩ + ১৮ = ৫১

৫১ + ২২ = ৭৩

৭৩ + ২৬ = ৯৯ উত্তর: গ. ৯৯

**৪০. প্রাচীন চন্দ্রদ্বীপ এর বর্তমান দাম কী?**

ক. নোয়াখালী খ. বরিশাল গ. চট্টগ্রাম ঘ. সিলেট উত্তর: খ. বরিশাল

**৪১. I came last but one in the race. Here 'but' is used as a/an....**


ক. Adjective খ. Adverb গ. Conjunction ঘ. Preposition উত্তর: ঘ. Preposition

**৪২. একটি ৫০ মিটার লম্বা মই একটি খাড়া দেওয়ালের সাথে হেলান দিয়ে রাখা হয়েছে। মইয়ের এক প্রান্ত মাটি হতে ৪০ মিটার উচু দেয়ালকে স্পর্শ করে। মই এর অপর প্রান্ত হতে দেওয়ালের দূরত্ব কত?**

ক. ১০ মি. গ. ২০ মি. খ. ৩০ মি. ঘ. ২৫ মি.

Job Exam Mate BD

সমাধান:




মইয়ের দৈঘ্য হবে অতিভুজ, দেওয়ালের দৈর্ঘ্য হবে লম্ব।

পিথাগোরাসের সূত্রানুসারে, ভূমি = $\sqrt{\text{অতিভুজ}^2 - \text{লম্ব}^2}$

$= \sqrt{50^2 - 40^2}$

$= 30$

উত্তর: খ. ৩০ মি.

**৪৩. ছড়ার ছন্দ কোনটি?**

ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অক্ষরবৃত্ত ঘ. পয়ার উত্তর: ক. স্বরবৃত্ত

**৪৪. 'আমরা নূতন, আমরা কুঁড়ি নিখিল বন-নন্দনে'-এটি কার লেখা?**

ক. গোলাম মোস্তফা খ. ফররুখ আহমদ গ. আহসান হাবীব ঘ. সুকান্ত ভট্টাচার্য

উত্তর: ক. গোলাম মোস্তফা

**কিশোর**

**গোলাম মোস্তফা**

আমরা নূতন, আমরা কুঁড়ি নিখিল বন-নন্দনে,
ওষ্ঠে রাঙা হাসির রেখা, জীবন জাগে স্পন্দনে।
লক্ষ আশা অন্তরে
ঘুমিয়ে আছে মন্তরে,
ঘুমিয়ে আছে বুকের ভাষা পাঁপড়ি-পাতার বন্ধনে।
সকল কাঁটা ধন্য করে ফুটবো মোরা ফুটবো গো,
অরুণ রবির সোনার আলো দু'হাত দিয়ে লুটবো গো।
নিত্য নবীন গৌরবে
ছড়িয়ে দিব সৌরভে,
আকাশ পানে তুলবো মাথা সকল বাঁধন টুটবো গো।
সাগর জলে পাল তুলে দে' কেউবা হব নিরুদ্দেশ;
কলম্বসের মতই বা কেউ পৌঁছে যাব নূতন দেশ।
জাগবে সাড়া বিশ্বময়
এ পাক-ভূমি নিঃস্ব নয়,
জ্ঞান-গরিমা, শক্তি-সাহস আজও এদের হয়নি শেষ।
কেউবা হব সেনানায়ক, গড়বো নূতন সৈন্যদল—
সত্য-ন্যায়ের অস্ত্র নেব, নাই বা থাকুক অন্য বল;
দেশের ভালো খুঁজবো গো
ব্যথীর ব্যথা বুঝবো গো,
ধন্য হবে দেশের মাটি, ধন্য হবে অন্ন-জল। জ্ঞান-গরিমা শিখবো বলে কেউ বা যাব জার্মানি
সবার আগেই চলবো মোরা, আর কি কভু হার মানি?
শিল্পকলা শিখবো কেউ

Job Exam Mate BD

গ্রন্থমালা লিখবো কেউ,
কেউ বা হব ব্যবসাজীবী, কেউবা টাটা, কার্নানি।
ভবিষ্যতের লক্ষ আশা মোদের মাঝে সন্তরে,
ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে।
নূতন আলোর আমরা সূত
নূতন বাণীর অগ্রদূত,
কতই কি যে করবো মোরা নাইকো তাহার অন্ত রে।

**৪৫. 'কণ্টক' বানানে মূর্ধন্য-ণ হয়, কারণ-**

ক. ট মূর্ধন্য ধ্বনি
খ. ক কণ্ঠ্য ধ্বনি
গ. যুক্তবর্ণে সবসময় মূর্ধন্য-ণ হয়
ঘ. দন্ত্য-ন দিলে উচ্চারণ ভুল হয়

উত্তর: ক. ট মূর্ধন্য ধ্বনি

**৪৬. স্বাভাবিক বয়স্ক লোকের চোখে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব কত?**

ক. ৫ সে.মি. খ. ১০ সে.মি. গ. ২৫ সে.মি. ঘ. ৫০ সে.মি. উত্তর: গ. ২৫ সে.মি.

**৪৭. রক্তরসে কোন গ্যাসীয় পদার্থ নেই?**

ক. $0_2$ খ. $CO_2$ গ. $Cl_2$ ঘ. $N_2$ উত্তর: গ. $Cl_2$

**৪৮. জীবনানন্দ দাশের প্রথম কাব্য কোনটি?**

ক. বনলতা সেন খ. সাতটি তারার তিমির গ. রূপসী বাংলা ঘ. ঝরাপালক উত্তর: ঘ. ঝরাপালক

**৪৯. 'নন্দিনী' কোন নাটকের চরিত্র?**

ক. রাজা খ. ডাকঘর গ. রক্তকবরী ঘ. অচলায়তন উত্তর: গ. রক্তকবরী

**৫০. সুন্দরবন কোন প্রাকৃতিক সম্পদের জন্য বিখ্যাত?**

ক. পাহাড় খ. চা বাগান গ. ম্যানগ্রোভ বন ঘ. গ্যাস উত্তর: গ. ম্যানগ্রোভ বন

**৫১. আজ রবিবার। ৩৫৩ দিন পর কী বার হবে?**

ক. শুক্রবার খ. মঙ্গলবার গ. বুধবার ঘ. বৃহস্পতি বার উত্তর: গ. বুধবার

**৫২. প্রমিত বানান কোনটি?**

ক. ব্যাবহার খ. অংক গ. সম্বর্ধনা ঘ. মরুভূমি উত্তর: ঘ. মরুভূমি

**৫৩. Choose the correct indirect speech. Father said to me, "Where were you?"**

ক. Father asked me where I went.
খ. Father asked me where I was.
গ. Father said to me where was I?
ঘ. Father asked me where I had been.

উত্তর: ঘ. Father asked me where I had been.

**৫৪. The chairperson as well as her colleagues ------praise.**

ক. Deserve খ. Deserves গ. are to deserve ঘ. have deserved উত্তর: খ. Deserves

**৫৫. If he..., I would not have forgiven him.**

ক. did not apologize
খ. would not apologize
গ. had not apologized
ঘ. has not apologized

উত্তর: গ. had not apologized
সম্পূর্ণ বাক্যটি হবে: If he had not apologized, I would not have forgiven him.
ব্যাখ্যা: Third Conditional-এর নিয়ম: অতীতের কোনো কাল্পনিক বা অবাস্তব শর্ত প্রকাশ করতে Third Conditional ব্যবহৃত হয়।
If Clause Component: Past Perfect Tense (had + V3)
Main Clause Component: would have/could have/might have + Past Participle (V3)

$$\text{If} + \text{Subject} + \text{had} + \text{V3} + \cdots, \text{Subject} + \text{would have} + \text{V3}$$

যেহেতু Main Clause-এ "would not have forgiven" রয়েছে, তাই If Clause-এ Past Perfect Tense হিসেবে "had not apologized" বসবে।

**৫৬. বাংলায় অব্যয়ীভাব সমাসের প্রয়োজন নেই, কেননা-**

ক. এগুলো কর্মধারয় সমাসের অন্তর্গত
খ. এসব উদাহরণ উপসর্গের মাধ্যমে গঠিত
গ. পদের শ্রেণিকরণে অব্যয় নেই
ঘ. বাংলা ভাষায় সমাস মূলত পাঁচ প্রকার

উত্তর: খ. এসব উদাহরণ উপসর্গের মাধ্যমে গঠিত

**৫৭. Maliha loves painting,--------**

ক. me neither খ. neither am I গ. so am I ঘ. so do I

উত্তর: ঘ. so do I
সম্পূর্ণ বাক্যটি হবে: Maliha loves painting, so do I.

Job Exam Mate BD

ব্যাখ্যা: Affirmative Agreement (হাঁ-বোধক মিল প্রকাশ): প্রথম বক্তার হাঁ-বোধক (Affirmative) বক্তব্যের সাথে "আমিও (তাই করি/করি)" প্রকাশ করতে So + Auxiliary Verb + Subject স্ট্রাকচার ব্যবহৃত হয়।

So + Auxiliary Verb (Tense অনুযায়ী) + Subject

Tense ও Auxiliary Verb নির্বাচন: প্রদত্ত বাক্যটি Present Indefinite Tense-এ রয়েছে (loves)।
Present Indefinite Tense-এর প্রশ্ন/সমর্থনমূলক বাক্যে Auxiliary Verb হিসেবে do/does বসে।
Subject "I" হওয়ার কারণে Auxiliary Verb do বসবে → so do I
ক. (me neither) ও খ. (neither am I): Neither ব্যবহৃত হয় না-বোধক (Negative) বাক্যের সাথে মিল প্রকাশের জন্য (যেমন: Maliha doesn't like painting, neither do I.
গ. (so am I): বাক্যটি যদি Be Verb দিয়ে হতো (যেমন: "Maliha is an artist"), তবে "so am I" হতো। কিন্তু loves একটি Action Verb হওয়ায় Be Verb বসবে না।

**৫৮. কাতার ফুটবল বিশ্বকাপ-২০২২ এর সেরা উদীয়মান খেলোয়াড় কে?**

ক. ফোডেন খ. এনজো ফার্নান্দেজ গ. কানাডিঙ্গা ঘ. অ্যান্টনি উত্তর: খ. এনজো ফার্নান্দেজ

**৫৯. কোথায় নগর রাষ্ট্রের প্রচলন ছিলো?**

ক. এথেন্স খ. গ্রিস গ. প্রাচীন রোম ঘ. ইরান উত্তর: খ. গ্রিস

**৬০. "Out of woods" means-**

ক. extreme fear খ. free from danger
গ. falling in danger ঘ. becoming alone
উত্তর: খ. free from danger

**৬১. একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ২০ মাইল যেতে চাকাটি কত বার ঘুরবে?**

ক. ৬৪০০ খ. ৫৪০০ গ. ৬০০০ ঘ. ৬২০০

সমাধান: ১ মাইল = ১৬০৯.৩৪৪ মিটার।
সুতরাং, ২০ মাইল = ১৬০৯.৩৪৪× ২০ = ৩২১৮৬.৮৮ মিটার
চাকার পরিধি = ৫ মিটার। ৩২১৮৬.৮৮ মিটার যেতে চাকাটি ঘুরবে = $\frac{৩২১৮৬.৮৮}{৫}$ = ৬৪৩৭ বার (প্রায়)

**৬২. দৌলত কাজীর 'সতীময়না-লোরচন্দ্রানী' কাব্যের অসম্পূর্ণ অংশ কোন কবি সম্পন্ন করেন?**

ক. কোরেশী মাগন ঠাকুর খ. আলাওল গ. শাহ মুহম্মদ সগীর ঘ. দৌলত উজির বাহরাম খান
উত্তর: খ. আলাওল

**৬৩. পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করে সরকারের কোন সংস্থা?**

ক. জাতীয় রাজস্ব বোর্ড খ. অর্থ মন্ত্রণালয় গ. প্রধানমন্ত্রীর কার্যালয় ঘ. পরিকল্পনা কমিশন
উত্তর: ঘ. পরিকল্পনা কমিশন

**৬৪. সীসা বেশি গ্রহণ করলে শিশুদের শরীরে কী ক্ষতি হতে পারে?**

ক. উচ্চ রক্তচাপ খ. মানসিক বিকাশে বাধা গ. হাড় ভেঙ্গে যাওয়া ঘ. দৃষ্টিশক্তি হ্রাস
উত্তর: খ. মানসিক বিকাশে বাধা

**৬৫. $e^{\log_e 4}$ = ?**

ক. e খ. $e^4$ গ. 4 ঘ. 4°

সমাধান: আমরা জানি, $a^{\log_a x}$ = x, সুতরাং, $e^{\log_e 4}$ = 4 উত্তর: গ. 4

**৬৬. P = {2, 3, 5, 7, 9} এবং Q = {1, 3, 5, 6, 8} হলে P∩Q কত হবে?**

ক. {2, 3} খ. {3, 5} গ. {2, 3, 5} ঘ. {3, 5, 7}

P∩Q = {2, 3, 5, 7, 9} ∩ {1, 3, 5, 6, 8}
= {3, 5} উত্তর: খ. {3, 5}

**৬৭. স্বরধ্বনির বৈশিষ্ট্য নয় কোনটি?**

ক. অক্ষর গঠন করে খ. নাসিক্য উচ্চারণ করা যায়
গ. টেনে দীর্ঘ করা যায় ঘ. যুক্তবর্ণ গঠন করে উত্তর: ঘ. যুক্তবর্ণ গঠন করে

**৬৮. অন্ধকার ঘরে লাল আলোতে কোনটিকে কালো দেখাবে?**

ক. সবুজ পাতা খ. জবা ফুল গ. লাল কাপড় ঘ. রজনীগন্ধা ফুল উত্তর: ক. সবুজ পাতা

**৬৯. বাংলাদেশের প্রাচীনতম ঐতিহাসিক স্থান কোনটি?**

ক. মহাস্থানগড় খ. সোনারগাঁ গ. ময়নামতি ঘ. পাহাড়পুর উত্তর: ক. মহাস্থানগড়

**৭০. Choose the synonym of the word 'Fair'.**

ক. Impartial গ. Dark খ. Exhibition ঘ. Cost উত্তর: ক. Impartial

**৭১. বাংলা ভাষায় প্রথম সনেট লেখা হয়-**

Job Exam Mate BD

ক. সতেরো শতকে খ. আঠারো শতকে গ. উনিশ শতকে ঘ. বিশ শতকে উত্তর: গ. উনিশ শতকে

**৭২. He ... early in the morning now a days.**

ক. used to get up খ. is used to get up

গ. is used to getting up ঘ. uses to have got up

উত্তর: গ. is used to getting up

সম্পূর্ণ বাক্যটি হবে: He is used to getting up early in the morning nowadays.

ব্যাখ্যা : Be used to + Verb-ing:

বর্তমানকালের কোনো অভ্যাস বা অভ্যস্ততা নির্দেশ করতে Be (am/is/are) + used to + Verb-ing (Gerund) ব্যবহৃত হয়। বাক্যে nowadays (আজকাল/বর্তমান দিনগুলোতে) শব্দটি থাকায় এটি বর্তমানকালের অভ্যাস নির্দেশ করছে।

Subject + am/is/are + used to + Verb-ing

ক. (used to get up): used to + $V_1$ সাধারণত অতীতে কোনো নিয়মিত অভ্যাস ছিল কিন্তু বর্তমানে নেই বোঝাতে ব্যবহৃত হয়।

খ. (is used to get up): Be used to-এর পর Verb-এর Base Form বসে না, -ing যুক্ত রূপ (Gerund) বসে।

ঘ. (uses to have got up): এটি সম্পূর্ণ ব্যাকরণগতভাবে অশুদ্ধ গঠন।

**৭৩. বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি খাত কোনটি?**

ক. চা খ. পাট গ. মৎস্য ঘ. গার্মেন্টস উত্তর: ঘ. গার্মেন্টস

**৭৪ ব্রাহ্মীলিপি সম্পর্কে কোন তথ্যটি ঠিক নয়?**

ক. যুক্তবর্ণ একটি ধ্বনির প্রতিনিধিত্ব করে খ. সিন্ধু সভ্যতার পূর্বদিকে বিস্তার লাভ করে

গ. বাম থেকে ডানদিকে লেখা হয় ঘ. এই লিপি থেকে কুটিল লিপির জন্ম

উত্তর: ক. যুক্তবর্ণ একটি ধ্বনির প্রতিনিধিত্ব করে

**৭৫.'ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি'- এখানে 'রাজি' ব্যবহার হয়েছে কোন কারণে?**

ক. রতনের বহুবচন বুঝাতে খ. সম্মত হওয়া অর্থে গ. বিরাজমান অর্থে ঘ. বাংলা ভাষার গৌরব বুঝাতে

উত্তর: ক. রতনের বহুবচন বুঝাতে

**৭৬. I won't go... he agrees to pay for me.**

ক. Accept খ. even if গ. as if ঘ. as though উত্তর: খ. even if

সম্পূর্ণ বাক্যটি হবে: I won't go even if he agrees to pay for me.

ব্যাখ্যা : Even if (এমনকি যদি... তবুও): এটি একটি Conjunction যা শর্ত বা বৈপরীত্য প্রকাশ করতে ব্যবহৃত হয়।

বাক্যের অর্থ: "এমনকি সে যদি আমার খরচ বহনে রাজিও হয়, তবুও আমি যাব না।"

ক. (Accept): এটি একটি Verb (গ্রহণ করা) বা Preposition/Conjunction হিসেবে "Except" লিখতে ভুল হতে পারে। তবে এটি এই বাক্যের অর্থের সাথে মেলে না।

গ. (as if) ও ঘ (as though): এই দুটি শব্দের অর্থ "যেন" (as though/as if it were real)। এগুলো মূলত কাল্পনিক বা অবাস্তব পরিস্থিতি তুলনা করতে ব্যবহৃত হয়।

**৭৭. মালদ্বীপের প্রধান ভাষা কোনটি?**

ক. মালয় খ. হিন্দি গ. দিভেহি ঘ. তামিল উত্তর: গ. দিভেহি


**৭৮. কোনো সুষম বহুভুজের বহিঃস্থ কোণের পরিমাণ কত হলে বাহুর সংখ্যা ৬টি হবে?**

ক. ৬০° খ. ৯০° গ. ১২০° ঘ. ১৮০°

সমাধান: বহিস্থ কোণের পরিমাণ = $\frac{৩৬০^\circ}{৬}$ = ৬০° উত্তর: ক. ৬০°

**৭৯. ১৬ মিটার লম্বা একটি মই ভূমির সাথে ৪৫° কোণ করে দাড়িয়ে থাকে একটি দেয়ালের সাথে। দেয়ারের উচ্চতা কত মিটার?**

ক. $৮\sqrt{২}$ খ. $১৬\sqrt{২}$ গ. $\frac{৪}{\sqrt{২}}$ ঘ. ৮




Job Exam Mate BD

মনে করি, দেওয়ালের উচ্চতা $x$

এখন, $\sin 45^\circ = \frac{x}{16}$

বা, $\frac{1}{\sqrt{2}} = \frac{x}{16}$

বা, $x = \frac{16}{\sqrt{2}}$

বা, $x = 8\sqrt{2}$ উত্তর: ক. ৮√২

**৮০. নিচের কোনটি Artificial Intelligence (AI) এর অ্যাপ্লিকেশন?**

ক. Web Browser খ. Text Editor গ. Spreadsheet Software ঘ. Virtual Assistant (যেমন: Siri, Alexa)

উত্তর: ঘ. Virtual Assistant (যেমন: Siri, Alexa)

ব্যাখ্যা: Virtual Assistant (ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট): Siri, Google Assistant, Alexa বা Cortana-এর মতো সিস্টেমগুলোতে Artificial Intelligence (AI), Natural Language Processing (NLP) এবং Machine Learning প্রযুক্তি ব্যবহার করা হয়। এগুলো মানুষের মুখের ভাষা বুঝতে পারা, প্রশ্নের উত্তর দেওয়া, ভয়েস কমান্ড অনুযায়ী কাজ করা এবং ব্যবহারকারীর আচরণ বিশ্লেষণ করে সিদ্ধান্ত নিতে সক্ষম।

ক. Web Browser (ওয়েব ব্রাউজার): যেমন Chrome, Firefox—এগুলো ইন্টারনেট ব্রাউজ বা তথ্য প্রদর্শনের জন্য ব্যবহৃত অ্যাপ্লিকেশন সফটওয়্যার (প্রতিনিয়ত স্বয়ংক্রিয়ভাবে শেখার বা বুদ্ধিমত্তা প্রয়োগের কাজ করে না)।

খ. Text Editor (টেক্সট এডিটর): যেমন Notepad, MS Word—এগুলো মূলত লেখালেখি ও ডকুমেন্ট তৈরির সাধারণ অ্যাপ্লিকেশন।

গ. Spreadsheet Software (স্প্রেডশীট সফটওয়্যার): যেমন MS Excel—এটি গাণিতিক হিসাব-নিকাশ ও ডাটা এন্ট্রির জন্য ব্যবহৃত সাধারণ অ্যাপ্লিকেশন সফটওয়্যার।

**৮১. Choose the correct antonym of the word 'Build'.**

ক. Destroy খ. Construct গ. Grow ঘ. Strong

উত্তর: ক. Destroy

ব্যাখ্যা: Build (শব্দটির অর্থ): নির্মাণ করা, তৈরি করা বা গড়া।

Destroy (বিপরীত শব্দ/Antonym): ধ্বংস করা বা ভেঙে ফেলা।

Construct (খ): নির্মাণ করা (এটি Build-এর সমার্থক শব্দ বা Synonym)।

Grow (গ): বৃদ্ধি পাওয়া বা গড়ে ওঠা।

Strong (ঘ): শক্তিশালী (এটি একটি Adjective)।

**৮২. 'আলমারি' শব্দটি কোন ভাষা থেকে রূপান্তরের মাধ্যমে বাংলা ভাষায় এসেছে?**

ক. তুর্কি খ. পর্তুগিজ গ. ওলন্দাজ ঘ. ফারসি উত্তর: খ. পর্তুগিজ

**৮৩. Choose the correct spelling.**

ক. Repeatation খ. Repetition গ. Repeatition ঘ. Repitition উত্তর: খ. Repetition

**৮৪. A miser spends his time in hoarding money. Here the word 'hoarding' is used as a/an-**

ক. present participle খ. Gerund গ. principal verb ঘ. infinitive

উত্তর: বাক্যটিতে "in" একটি Preposition। এর ঠিক পরেই "hoarding" শব্দটি বসেছে। Preposition-এর Object হিসেবে Noun-এর কাজ করার কারণে এটি একটি Gerund।

**৮৫. বাংলাদেশের সর্ব দক্ষিণের জেলা কোনটি?**

ক. ভোলা খ. পঞ্চগড় গ. কক্সবাজার ঘ. সাতক্ষীরা উত্তর: গ. কক্সবাজার

**৮৬. $\frac{m}{n} + \frac{n}{m} = \sqrt{2}$ হলে $\frac{m^2}{n^2} + \frac{n^2}{m^2}$ এর মান কত?**

ক. 1 খ. 2 গ. 0 ঘ. 4

সমাধান: $\frac{m}{n} + \frac{n}{m} = \sqrt{2}$

বা, $\frac{m^2}{n^2} + \frac{n^2}{m^2} + 2 \times \frac{m}{n} \times \frac{n}{m} = 2$

বা, $\frac{m^2}{n^2} + \frac{n^2}{m^2} + 2 = 2$

বা, $\frac{m^2}{n^2} + \frac{n^2}{m^2} = 0$

উত্তর: গ. 0

**৮৭. বাংলা সাহিত্যে আলালী ভাষার প্রয়োগ করেছেন-**

ক. প্যারীচাঁদ মিত্র খ. কালীপ্রসন্ন সিংহ গ. কাশীরাম দাস ঘ. হরপ্রসাদ রায়

উত্তর: ক. প্যারীচাঁদ মিত্র

**৮৮. 'Did the noise bother you?'... by the noise?**

ক. Are you bothered　　খ. Where you being bothered
গ. Were you bother　　ঘ. Were you bothered
উত্তর: ঘ. Were you bothered
সম্পূর্ণ বাক্যটি হবে: Did the noise bother you?" → Were you bothered by the noise?
Voice Change-এর নিয়ম:
Active Voice: Did the noise bother you? (Simple Past Tense - Interrogative)
Passive Voice Structure: Was/Were + Subject + Verb-এর Past Participle (V3) + by + Object?
ক. (Are you bothered): এটি Present Tense নির্দেশ করে, কিন্তু মূল বাক্যটি Past Tense (Did)-এ ছিল।
খ. (Where you being bothered): Where শব্দটি ভুল (হওয়া উচিত ছিল Were), এবং Past Continuous Tense-এর Passive গঠন ব্যবহার করা হয়েছে যা এখানে প্রযোজ্য নয়।
গ. (Were you bother): Auxilary Verb Were-এর পর Verb-এর Base Form (bother) বসানো হয়েছে, কিন্তু Passive Voice-এ সবসময় $V_3$ (Past Participle) বসে।

**৮৯. কত ইঞ্চি পর্যন্ত দৈর্ঘ্যের ইলিশকে জাটকা বলে?**
ক. ৬ ইঞ্চি　খ. ৮ ইঞ্চি　গ. ৯ ইঞ্চি　ঘ. ১০ ইঞ্চি　উত্তর: ঘ. ১০ ইঞ্চি

**৯০. যদি ১০০ টি বাঘ ১০০ দিনে ১০০ টি হরিণ মারতে পারে তাহলে ৪টি বাঘের ৪টি হরিণ মারতে কত দিন লাগবে?**
ক. ১ দিন　খ. ৪ দিন　গ. ৪০ দিন　ঘ. ১০০ দিন
সমাধান: ১০০ টি বাঘ ১০০ টি হরিণ মারে ১০০ দিনে।
∴ ১ " " ১০০ " " = $\frac{১০০}{১০০}$ "
∴ ১ " " ১ " " = $\frac{১০০\times১০০}{১০০}$ "
∴ ৪ " " ১ " " = $\frac{১০০\times১০০}{১০০\times৪}$ "
∴ ৪ " " ৪ " " = $\frac{১০০\times১০০\times৪}{১০০\times৪}$ "
= ১০০ দিন
উত্তর: ঘ. ১০০ দিন

**৯১. 'অগ্নি-বীণা'র দ্বিতীয় খণ্ড হিসেবে প্রকাশের পরিকল্পনা ছিল কোনটি?**
ক. বিশেষ বাঁশি　খ. প্রলয়শিখা　গ. চক্রবাক　ঘ. সাম্যবাদী　উত্তর: ক. বিশেষ বাঁশি

**৯২. 'সুস্বাগত' বললে সমস্যা কোথায়?**
ক. স্বাগত 'সু' বা 'কু' দুরকমই হতে পারে　খ. বচনের বাহুল্য ঘটে
গ. স্বাগত শব্দের মধ্যেই 'সু' আছে　ঘ. শব্দটি সন্ধিবদ্ধ না হয়ে সমাসবদ্ধ হয়ে যায়
উত্তর: গ. স্বাগত শব্দের মধ্যেই 'সু' আছে
ব্যাখ্যা: সু+আগত = স্বাগত

**৯৩. যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ২০% বৃদ্ধি পায় তবে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?**
ক. ৩৬　খ. ৭২　গ. ৪৪　ঘ. ২২
সমাধান: $20+20+\frac{20\times20}{100}$
$= 40+4$
$= 44$
উত্তর: গ. ৪৪

**৯৪. Suddenly our car... on the way to the programme.**
ক. broke down　খ. broke out　গ. broke off　ঘ. broke up
উত্তর: ক. broke down
সম্পূর্ণ বাক্যটি হবে: Suddenly our car broke down on the way to the programme.
Phrasal Verb-এর অর্থ ও ব্যবহার:
Break down (যন্ত্রপাতি নষ্ট হওয়া/বিকল হওয়া): গাড়ি, ইঞ্জিন বা কোনো যন্ত্র কাজ করা বন্ধ করে দিলে break down ব্যবহৃত হয়।
Example: Our car broke down on the highway.
অন্যান্য অপশনগুলোর অর্থ:
Break out: প্রাদুর্ভাব ঘটা বা ছড়িয়ে পড়া (যেমন: যুদ্ধ, রোগ বা আগুন ছড়িয়ে পড়া)।
Break off: হঠাৎ থেমে যাওয়া বা থামানো (যেমন: কথা বলা বন্ধ করা বা সম্পর্কচ্ছেদ করা)।
Break up: সমাপ্তি ঘটা বা ভেঙে যাওয়া (যেমন: সভা শেষ হওয়া বা সম্পর্ক ভেঙে যাওয়া)।

Job Exam Mate BD

**৯৫. 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কী?**

ক. ভীষণ শত্রুতা খ. ক্ষণস্থায়ী গ. দ্বন্দ্বের অবসান ঘ. চির অশান্তি উত্তর: ঘ. চির অশান্তি

**৯৬. বাংলাদেশের সাংবিধানিক নাম কী?**

ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ খ. বাংলাদেশ গ. বাংলাদেশ প্রজাতন্ত্র ঘ. জনপ্রজাতন্ত্রী বাংলাদেশ

উত্তর: ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ব্যাখ্যা: সংবিধানের ১ নং অনুচ্ছেদে বলা হয়েছে, বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র, যাহা "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" নামে পরিচিত হইবে।

**৯৭.কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোন তিনটির সমষ্টি কত?**

ক. ১৮০° খ. ১৫০° গ. ২৭০° ঘ. ৩৬০° উত্তর: ঘ. ৩৬০°

**৯৮. 'অর্থনীতি' শব্দের সঙ্গে 'ইক' প্রত্যয় যোগ করার দরুন বৃদ্ধির সূত্রে হওয়ার কথা-**

ক. অর্থনীতিক খ. অর্থনৈতিক গ. আর্থনীতিক ঘ. আর্থনৈতিক উত্তর: খ. অর্থনৈতিক

**৯৯. P : Q = Q : R হলে $\frac{P^2 + Q^2}{Q^2 + R^2}$ = কত?**

ক. $\frac{P}{Q}$ খ. $\frac{Q}{R}$ গ. $\frac{P}{R}$ ঘ. $\frac{R}{Q}$

সমাধান: $\frac{P}{Q} = \frac{Q}{R}$

বা, $Q^2 = PR$

$\frac{P^2 + Q^2}{Q^2 + R^2}$

$= \frac{P^2 + (PR)^2}{(PR)^2 + R^2}$

$= \frac{P(P+PR)}{R(P+PR)}$

$= \frac{P}{R}$

উত্তর: গ. $\frac{P}{R}$

**১০০. He ran away lest....**

ক. he is arrested খ. he was arrested গ. he should arrest ঘ. he should be arrested

উত্তর: ঘ. he should be arrested

সম্পূর্ণ বাক্যটি হবে: He ran away lest he should be arrested.

ব্যাখ্যা: Lest-এর নিয়ম:

Lest একটি Conjunction, যার অর্থ "পাছে না ঘটে" বা "যাতে না হয়" (for fear that).

Structure: Lest + Subject + should / might + Verb-এর Base Form

Passive Voice-এর ব্যবহার: বাক্যের প্রথম অংশ "He ran away" (সে পালিয়ে গেল)। সে নিজে কাউকে গ্রেপ্তার করেনি, বরং পুলিশ বা অন্য কেউ তাকে গ্রেপ্তার করতে পারে—এই আশঙ্কায় পালিয়েছে। তাই Lest-এর পরের অংশটি Passive Voice হতে হবে।

Passive Structure: Subject + should + be + Past Participle

ক. (he is arrested) ও খ (he was arrested): Lest-এর পর Auxiliary Verb হিসেবে is বা was বসে না; সর্বদা should বা might ব্যবহার করতে হয়।

গ. (he should arrest): এটি Active Voice নির্দেশ করে, যার অর্থ দাঁড়ায় "সে যেন গ্রেপ্তার করে"—যা বাক্যের অর্থের দিক থেকে সম্পূর্ণ ভুল।